গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহণ মন্ত্রণালয়
চট্টগ্রাম বন্দর অধিশাখা
(www.mos.gov.bd)

বিষয়ঃ বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপোস অ্যাসোসিয়েশন (বিকডা) কর্তৃক বেসরকারি আইসিডি/সিএফএসসমূহের ট্যারিফ/মাশুল বৃদ্ধির প্রস্তাবের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সচিব, নৌপরিবহণ মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ০১-০৮-২০১৯, বেলা ১২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, নৌপরিবহণ মন্ত্রণালয়। |
| সভার উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-'ক'-দ্রষ্টব্য। |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সবাইকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে বিকডার পক্ষে ক্যাপ্টেন কামরুল বেসরকারি আইসিডি/সিএফএসসমূহের ট্যারিফ/মাশুল বৃদ্ধির প্রস্তাবের প্রেক্ষাপট বর্ণনা করেন। তিনি উল্লেখ করেন, আইসিডি/সিএফএস পরিচালন ব্যয়, শ্রমিক মজুরি, জ্বালানি খরচ বৃদ্ধি ইত্যাদির কারণে ২০১৬ সালে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটি ট্যারিফ/মাশুল ৪২% বৃদ্ধির সুপারিশ করে। কিন্তু সার্বিক বিবেচনায় তখন ২০% ট্যারিফ/মাশুল বৃদ্ধির সুপারিশ বাস্তবায়ন করা হয়। বাকি ২২% ট্যারিফ/মাশুল বৃদ্ধির সুপারিশ এখনও কার্যকর করা হয় নি। সভাপতি, বিকডা, জনাব নুরুল কাইয়ুম খান বেসরকারি আইসিডি/সিএফএস'র ট্যারিফ/মাশুল বৃদ্ধির প্রস্তাবের পক্ষে যৌক্তিকতা তুলে ধরেন।

০২। এ বিষয়ে চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার এন্ড কমার্স'র প্রতিনিধি জনাব মাহবুব চৌধুরী, এফবিসিসিআই ও বিজিএমইএ'র প্রতিনিধি জনাব মোঃ মুনির হোসেন, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাষ্ট্রিজ'র প্রতিনিধি তরফদার মোঃ রুহুল আমিন, বাফার পরিচালক জনাব কবির আহমেদ, সিএন্ডএফ এজেন্টস্ অ্যাসোসিয়েশন'র সভাপতি জনাব আখতার হোসেন, বিকেএমইএ'র সাবেক সিনিয়র সহ সভাপতি মোহাম্মদ হাতেমসহ আরও অনেকে এ বিষয়ে মতামত ব্যক্ত করেন। বর্তমান পরিস্থিতিতে বেসরকারি আইসিডি/সিএফএস'র ট্যারিফ/মাশুল বৃদ্ধি না করার জন্য তারা বিকাডাকে অনুরোধ করেন। তাছাড়া, প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপন করে আইসিডি/সিএফএস'র সক্ষমতা আরও বাড়ানোর উপর তারা গুরাত্বারোপ করেন।

০৩। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সভায় অবহিত করেন, ২০১৬ সালে বেসরকারি আইসিডি/সিএফএস'র ট্যারিফ/মাশুল বৃদ্ধির জন্য গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী ট্যারিফ/মাশুল ২০% বৃদ্ধি করা হয়। এয়াড়া, এ বিষয়ে মন্ত্রণালয় থেকে চবকের সদস্য (হারবার ও মেরিন)'র নেতৃত্বে একটি কমিটি কাজ করছে। কমিটি কর্তৃক শীঘ্রই প্রতিবেদন দাখিল করা হবে।

০৪। সভাপতি বলেন, বেসরকারি আইসিডি/সিএফএস একটি গুরুত্বপূর্ণ সেক্টর। এ সেক্টরে বিকডার বড় বিনেয়াগ রয়েছে। বিকডা ও এর অংশীজন সম্মিলিতভাবে একসাথে কাজ করতে হবে। একটি সংস্থা অন্যটির সাথে ঘনিষ্টভাবে সম্পর্কিত। ট্যারিফ নির্ধারণে আইসিডি/সিএফএস'র পরিচালন ব্যয়, মুনাফা,

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য।

শ্রমিক-মজুরি, জ্বালানি খরচ ইত্যাদি বিবেচনায় নিতে হবে। অন্যদিকে ব্যবসার খরচ কমানোও একটি গুরুত্বপূর্ণ বিষয়। বিকডা ও অংশীজন একত্রে বসে একটি যৌক্তিক মাশুলহার নির্ধারণ করতে পারে। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সদস্য (হারবার ও মেরিন)'র নেতৃত্বে একটি কমিটি আইসিডি/সিএফএস ট্যারিফ নির্ধারণে কাজ করছে। আমদানিকারক ও রপ্তানিকারকগণ তাদের ব্যবসা পরিচালনার জন্য বিকডা ও পোর্টের উপর নির্ভরশীল। ট্যারিফকমিটি কর্তৃক দ্রুত সুপারিশ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট সবাইকে Rational and Logical বিষয়াদি বিবেচনা করে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি পরামর্শ প্রদান করেন।

০৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

(১) এ মন্ত্রণালয় কর্তৃক স্মারক নম্বর ১৮.০০.০০০০.০২১.২২.০৬৯.১৭-১৬৫ তারিখ ২১-০৪-২০১৯ খ্রিঃ মাধ্যমে গঠিত কমিটি বিস্তারিত পর্যালোচনাপূর্বক আগামী ৩১-০৮-২০১৯ খ্রিঃ'র মধ্যে বেসরকারি আইসিডি/সিএফএস'র ট্যারিফ/মাশুল বৃদ্ধির বিষয়ে সুপারিশসহ চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ'র মাধ্যমে সচিব, নৌপরিবহণ মন্ত্রণালয় বরাবর প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবে।

(২) ট্যারিফকমিটি কর্তৃক প্রতিবেদন দাখিল না করা পর্যন্ত বিকডা আইসিডি/সিএফএস'র ট্যারিফ/মাশুল প্রস্তাবনা কার্যকর করবে না।

(৩) ট্যারিফকমিটির সুপারিশ পাওয়ার পর এ মন্ত্রণালয় থেকে পরবর্তী নির্দেশনা প্রদান করা হবে।

০৫। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানানোর মাধ্যমে সভার কাজ শেষ করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখঃ ০৪-০৮-২০১৯
(মোঃ আবদুস সামাদ)
সচিব
নৌপরিবহণ মন্ত্রণালয়।

নং-১৮.০০.০০০০.০২১.২২.০৬৯.১৭-৩২০ তারিখ ঃ ০৪-০৮-২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৩। কমিশনার, কাস্টমস্, চট্টগ্রাম।
৪। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।
৫। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ ভবন, ২৩/১ পান্থপথ, লিংকরোড, কাওরান বাজার, ঢাকা।
৬। সভাপতি, বিকেএমইএ, ১৩/৩ সোনারগাঁও রোড, প্ল্যানার্স টাওয়ার (১৩ তলা), ঢাকা।
৭। সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার, ৮ম তলা, ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।
৮। সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, চট্টগ্রাম।
৯। সভাপতি, চিটাগাং মেট্রোপলিটান চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড, চট্টগ্রাম।

পূর্ব পৃষ্ঠার পর

১০। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স অ্যাসোসিয়েশন (বাফা), আতাতুর্ক টাওয়ার, ৯ম তলা, ২২ কামাল আতাতুর্ক এভিনিউ, ঢাকা।
১১। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস অ্যাসোসিয়েশন, স্টক একচেঞ্জ ভবন, শেখ মুজিব রোড, চট্টগ্রাম।
১২। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ সিএন্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশন,৩/সি, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা
১৩। সভাপতি, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপোস অ্যাসোশিয়েন (বিকডা), আগ্রাবাদ, চট্টগ্রাম।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অতিরিক্ত সচিব (বন্দর-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪.৮.২০১৭

(মোঃ আবদুস ছাত্তার)
যুগ্মসচিব